দৈনিক

# ইত্তেফাক

তারিখ: 30 JAN 2015
পৃষ্ঠা: ১৬ কলাম: ১

## যাত্রাবাড়ীতে মাদরাসা থেকে ৩৩ শিক্ষক ছাত্রকে আটক

স্টাফ রিপোর্টার

ঢাকাসহ সারাদেশেই চলছে গণগ্রেফতার। গ্রেফতার থেকে রক্ষা পাচ্ছে না ছাত্র-শিক্ষক এমনকি খেটে খাওয়া সাধারণ মানুষ। রাস্তায় চেকপোস্টে তল্লাশির নামে সন্দেহজনক মনে হলেই পুলিশ যে কাউকে গাড়িতে তুলছে। এছাড়া বিরোধী দলের নেতা-কর্মীর বাড়িতে অভিযানকালে তাঁদের স্বজনদের আটক ও হয়রানির অভিযোগ পাওয়া যাচ্ছে। গত ৪ দিনে ঢাকার বিভিন্ন থানা এলাকা থেকে দেড় শতাধিক ব্যক্তিকে আটক করা হয়। গত বুধবার রাতে যাত্রাবাড়ীর একটি মাদরাসায় অভিযান চালিয়ে ছাত্র-শিক্ষকসহ ৩৩ পৃঃ ১৫ কঃ ৪

## যাত্রাবাড়ীতে মাদরাসা থেকে

১৬-এর পৃষ্ঠার পর

জনকে আটক করে পুলিশ। গতকাল বৃহস্পতিবার সকালে ডিএমপি পুলিশের পক্ষ থেকে এক ক্ষুদেবার্তায় জানানো হয়, রাজধানীর বিভিন্ন এলাকায় ২৪ ঘণ্টায় নাশকতার অভিযোগে বিএনপি-জামায়াতের ৯ নেতা-কর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। হরতাল ও অবরোধের নামে নাশকতাকারীদের বিরুদ্ধে পুলিশের চলমান অভিযানের অংশ হিসেবে তাদের গ্রেফতার করা হয়। গত চার দিনে মোট গ্রেফতার করা হয় ৮৪ জনকে।

এদিকে গত বুধবার মধ্য রাতে পুলিশ আকস্মিক অভিযান চালায় রাজধানীর যাত্রাবাড়ীর মীর হাজীরবাগ এলাকার তামিরুল মিল্লাত কামিল মাদরাসায়। রাত সাড়ে ১১টা থেকে পৌনে ২টা পর্যন্ত চলে এ অভিযান। এ সময় পুলিশ ৩৩ জনকে আটক করে। আটককৃতরা সবাই মাদরাসা শিক্ষক ও শিক্ষার্থী। এ ব্যাপারে ওয়ারী বিভাগের উপপুলিশ কমিশনার (ডিসি) মুস্তাক আহমেদ জানান, তামিরুল মিল্লাত কামিল মাদরাসায় নাকশতার পরিকল্পনা করেছিল কিছু নাশকতাকারী। তারা গতকাল বৃহস্পতিবারের হরতালকে কেন্দ্র করে সহিংসতা চালানোর পরিকল্পনা করেছিল। এমন তথ্যের ভিত্তিতেই ওই মাদরাসায় তল্লাশি চালানো হয়। পুলিশ বলছে, ঘটনাস্থল থেকে জামায়াত-শিবিরের ব্যানার, লিফলেট ও ছাত্র শিবিরের সাংগঠনিক কাগজপত্র উদ্ধার করা হয়েছে।